

Zri evZ®tevsj ve`vsK
`i vj vcbx t 7126101-14
ফ্যাক্স : ৭১২০৩৩৬
www.bangladeshbank.org.bd
www.bangladesh-bank.org

evsj v` k e`vsK
c`avb Kvhfj q
WvKev· bs 325
ঢাকা |

ফরেন্স রিজার্ভ অ্যান্ড ট্রেজারী
ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
(পাবলিক ডেট শাখা)

এফআরটিএমডি সার্কুলার নং ২০

তারিখ : ১৬/০৮/২০০৫ খ

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

**বাংলাদেশ ব্যাংক কর্তৃক সঞ্চয়পত্রের পুনর্ভরণের দাবী
(Re-imburement claim) নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অত্র অফিসের ২৪/০৮/২০০৪ তারিখের পরিপত্র নং এফআরটিএমডি/পিডিএস-
৪০/২০০৪-১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বাংলাদেশ ব্যাংকে তফসিলী ব্যাংক কর্তৃক দাখিলকৃত
সঞ্চয়পত্র পুনর্ভরণের দাবীর ক্ষেত্রে নিম্নোক্ত অনিয়ম/ত্রুটি পরিলক্ষিত হওয়ার ফলে পুনর্ভরণ দাবী নিষ্পত্তিকরণে অহেতুক
বিলম্ব হচ্ছে :-

- ১। পুনর্ভরণ দাবীপত্রের সাথে প্রয়োজনীয় “আন্ডারটেকিং” যথাযথভাবে দাখিল না করা।
- ২। মুনাফার কুপন দাখিলকালে রেজিস্ট্রেশন নং ও তারিখ উল্লেখ না থাকা।
- ৩। সঞ্চয়পত্রের নগদায়নকৃত অর্থের সাথে পুনর্ভরণ দাবীপত্রে উল্লেখিত টাকার গরমিল।
- ৪। মেয়াদপূর্তির পূর্বে মুনাফার কুপন নগদায়ন করে দাখিল করা।
- ৫। বিনিয়োগকারীকে অর্থ পরিশোধ না করে পুনর্ভরণ দাবী করা।
- ৬। সঞ্চয়পত্রের বিক্রয়লক্ষ টাকা সরকারী খাতে জমা হবার পূর্বে বা আদৌ জমা না করে পুনর্ভরণ দাবী করা।
- ৭। ডুপ্লিকেট সঞ্চয়পত্রের মূল ও কুপন পুনর্ভরণ গ্রহণের পর পুনরায় একই রেজিস্ট্রেশনের বিপরীতে মূল
সঞ্চয়পত্রের মুনাফা কুপনের পুনর্ভরণ দাবী করা।
- ৮। উৎসে আয়কর হিসাবায়নে ভুল।
- ৯। সঞ্চয়পত্রের মালিকের স্বাক্ষর ও তারিখ না থাকা।
- ১০। আদায়যোগ্য না হওয়া সত্ত্বেও উৎসে আয়কর কর্তন করা।
- ১১। সঞ্চয়পত্রের মূল্য পরিশোধের স্বপক্ষে তারিখসহ ” পরিশোধকৃত” সীল মোহর না থাকা।
- ১২। সঞ্চয়পত্রের রেজিস্ট্রেশন নম্বর ও তারিখের সাথে ভাংগানো বিবরণীতে সংশ্লিষ্ট কলামে রেজিস্ট্রেশন নম্বর ও
তারিখে গরমিল।
- ১৩। বিক্রয় বিবরণীতে প্রদর্শিত রেজিস্ট্রেশন নম্বর ও তারিখের বিপরীতে ইস্যুকৃত সঞ্চয়পত্রের নম্বরের সাথে
পুনর্ভরণের জন্য দাখিলকৃত দাবীপত্রে উল্লেখিত সঞ্চয়পত্র স্ক্রীপ নম্বর ও মুনাফা কুপন নম্বরের অমিল।

বর্ণিত অবস্থায় সঞ্চয়পত্রের অর্থ যথাসময়ে পুনর্ভরণের নিমিত্তে উপরোল্লিখিত অনিয়ম/ত্রুটি পরিহার করে
দাবীপত্র দাখিল করার জন্য পুনরায় পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(সুলতান আহমেদ)

যুগ্ম পরিচালক

ফোন : ৭১২৬১০১-১৪/২৩৮৩